

“একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

NO. ২৪২৩
APD/RA/...
PA/...
তারিখ: ২৫/০২/২০১৩

নং-স্বাঃ অধি/প্রশা-৪/বিবিধ সার্কুলার/২০০৭/৯৪৯

পরিপত্র

05 MAR 2013
Dr. ...
৬/৩/১৬

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দেশের সর্বত্র এলাকায় কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে পলী এলাকার হতদরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী সেবা পাচ্ছেন এবং উত্তরোত্তর সেবা গ্রহনকারীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এই সেবা কার্যক্রমকে মানসম্মত ও আরো অধিকতর বেগবান করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে প্রত্যেকটি কমিউনিটি ক্লিনিকের সুপারভিশন ও মনিটরিং জোরদার করার নিমিত্তে স্বাস্থ্য অধিদপ্তরসহ বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক কমিউনিটি ক্লিনিকসমূহ পরিদর্শন করার জন্য অনুরোধ করা হলো।

১. স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তাগণ তাঁদের নিজ নিজ ক্ষেত্রে প্রতিমাসে অন্ততঃ ২টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
২. বিভাগীয় পর্যায়ে পরিচালক (স্বাস্থ্য), উপ-পরিচালক এবং সহকারি পরিচালকগণ স্ব-স্ব বিভাগে প্রত্যেকে প্রতিমাসে অন্ততঃ ২টি করে কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
৩. জেলা পর্যায়ে সিভিল সার্জনগণ স্ব-স্ব জেলায় প্রতিমাসে অন্ততঃ ৪টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
মেডিকেল অফিসার(সি.এস) সিভিল সার্জনের সাথে সমন্বয় করে প্রতিমাসে অন্ততঃ ৪টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
প্রোগ্রামার(টিবি ও লেপ্রোসী) স্থানীয় কর্তৃপক্ষের সাথে সন্বয় করে প্রতিমাসে অন্ততঃ ৪টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে প্রতিমাসে অন্ততঃ ৪টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা প্রতিমাসে অন্ততঃ ৪টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক প্রতিমাসে অন্ততঃ ৪টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
ইপিআই সুপারভাইজার প্রতিমাসে অন্ততঃ ৬ টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
জেলা স্যানিটারী ইন্সপেক্টর প্রতিমাসে অন্ততঃ ৬টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
৪. উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ স্ব-স্ব উপজেলায় প্রতিমাসে অন্ততঃ ১০টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
মেডিকেল অফিসার (ফোকাল পারসন) প্রতি মাসে ৮টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
স্বাস্থ্য পরিদর্শক প্রতিমাসে অন্ততঃ ১২টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
মেডিকেল টেকনোলজিস্ট (ইপিআই) প্রতিমাসে অন্ততঃ ১২টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করবেন;
৫. ইউনিয়ন পর্যায়ে মেডিকেল অফিসার/সহকারি সার্জন (ইউনিয়ন) সংশ্লিষ্ট ইউনিয়নের প্রত্যেকটি কমিউনিটি ক্লিনিক প্রতিমাসে ২বার পরিদর্শন করবেন ও প্রয়োজ্য ক্ষেত্রে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করবেন।
৬. উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসার ও সহকারি স্বাস্থ্য পরিদর্শক নিজ কর্ম এলাকায় অবস্থিত প্রতিটি কমিউনিটি ক্লিনিক প্রতিমাসে অন্ততঃ ৮ বার পরিদর্শন করবেন এবং উপ-সহকারি মেডিকেল অফিসারগণ প্রয়োজ্য ক্ষেত্রে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করবেন।

কর্মকর্তা/সুপারভাইজারগণ কমিউনিটি ক্লিনিক পরিদর্শনকালে আরসিএইচসিআইবি প্রকল্প কর্তৃক প্রণীত 'কমিউনিটি ক্লিনিক পরিদর্শন চেকলিস্ট' পূরণ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ পরস্পর সমন্বয়ের মাধ্যমে কর্মসূচী পূরণ করে পরিদর্শন নিশ্চিত করবেন।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

ডাঃ মোঃ শাহ নেওয়াজ
পরিচালক (প্রশাসন)
ফোন-৯৮৫৫৯৬৭